

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
হাসপাতাল-১ অধিশাখা
www.mohfw.gov.bd


স্মারক নং-হাস-১/বিবিধ-১১/২০১২/১৯০

তারিখঃ ০১-০৯-২০১৬খ্রিঃ।

বিষয়ঃ স্বাস্থ্য প্রতিষ্ঠানসমূহের নিরাপত্তা সংক্রান্ত ও চিকিৎসা সেবার মান উন্নয়ন বিষয়ে মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে
১৪/০৮/২০১৬ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয়ে মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে ১৪/০৮/২০১৬ তারিখে অনুষ্ঠিত সভায় সকল মেডিকেল কলেজ হাসপাতাল, বিশেষায়িত হাসপাতাল, জেলা হাসপাতাল ও অন্যান্য স্বাস্থ্য প্রতিষ্ঠানসমূহের নিরাপত্তা সংক্রান্ত ও চিকিৎসা সেবার মান উন্নয়নের বিষয়ে গৃহীত নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থার গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

- ১। প্রতিটি স্বাস্থ্যসেবা ও চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠানের সার্বিক নিরাপত্তা নিশ্চিতকল্পে স্ব স্ব প্রতিষ্ঠানের বাজেট হতে ব্যয় নির্বাহের মাধ্যমে প্রতিটি এন্ড্রি পয়েন্টে সিসিটিভি ক্যামেরা স্থাপনসহ সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং প্রয়োজনীয়তার নিরিখে পর্যায়ক্রমে মেটাল ডিটেকটর, আর্চওয়ে, Mirror Device স্থাপন করা যেতে পারে।
- ২। প্রতিটি স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানে ক্যাটাগরি অনুযায়ী প্রয়োজনীয় সংখ্যক নিরাপত্তা প্রহরী বা আনসার (অস্ত্রসহ বা অস্ত্রহাড়া বা অংগীভূতকরণের মাধ্যমে) নিয়োগের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ৩। রোগীদের সাথে সাক্ষাতের সময় বিকাল ৪-৬টা নির্ধারণ, সন্ধ্যার পর শিক্ষার্থীদের গমনাগমনে নজরদারি বৃদ্ধি করা, হোস্টেলে পূর্বানুমতি ছাড়া বহিরাগত প্রবেশ নিষিদ্ধকরণ, যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিত হোস্টেলে নিয়মিত ছাত্র-ছাত্রী ব্যতিত বহিরাগত অবস্থান করতে পারবেনা। মহিলা হোস্টেলে প্রয়োজনে মহিলা প্রহরী দ্বারা পরিচয় সম্পর্কে নিশ্চিত হয়ে ছাত্রী প্রবেশ নিশ্চিত করা।
- ৪। হোস্টেলে বা ক্যাম্পাসে আপত্তিকর লিফলেট, ব্যানার এবং সরকার কর্তৃক নিষিদ্ধ ঘোষিত বই-পুস্তক (যা শান্তি শৃঙ্খলা বিঘ্নিত করতে পারে) পোষ্টার প্রদর্শন না করার বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা Standard Operating Procedure (SOP) আকারে জারি করতে হবে।
- ৫। বিদেশী শিক্ষার্থীদের অননুমোদিত অনুপস্থিতির বিষয়ে তাদের অবস্থান ও ঠিকানা সম্পর্কে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।
- ৬। বিদেশী শিক্ষার্থীদের দৈনন্দিন সতর্কতা অবলম্বনের জন্য স্ব স্ব প্রতিষ্ঠান প্রধানগণ প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন।
- ৭। স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর মধ্যে আন্তঃমন্ত্রণালয় যোগাযোগ বৃদ্ধি করে স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ, র‍্যাব ও অন্যান্য আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর টহল ও তদারকী জোরদার করতে হবে।
- ৮। প্রযোজ্য ক্ষেত্রে প্রতিটি প্রতিষ্ঠানে চিকিৎসক, শিক্ষক, ছাত্র-ছাত্রী, কর্মকর্তা-কর্মচারী ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী সমন্বয়ে অভ্যন্তরীণ নিরাপত্তা বিষয়ক সভা করতে হবে।
- ৯। Medical Representative গণ নির্ধারিত সময়ের পূর্বে বা পরে স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানে অবস্থান করবেন না যা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান নিশ্চিত করবেন।
- ১০। স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠান সমূহের সীমানা প্রাচীর নির্মাণের ক্ষেত্রে উন্নয়ন অনুবিভাগকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।
- ১১। প্রতিষ্ঠানে Visillence team গঠন করার বিষয়ে বিবেচনা করা যেতে পারে।
- ১২। কোন কর্মকর্তা কর্মচারী, শিক্ষক, ছাত্র ছাত্রী, চিকিৎসক, রোগী বা রোগীর অগুণ্ণী (Attendent) বা কোন আগন্তুক এর আচরণ সন্দেহজনক হলে তাৎক্ষণিক নিকটতম আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে অবহিত করতে হবে।
- ১৩। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও প্রশাসনের দায়িত্বশীল কর্মকর্তাগণের মোবাইল/টেলিফোন নম্বর নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত কর্মচারীকে সরবরাহ করতে হবে।
- ১৪। প্রতিটি শিক্ষক ও ছাত্র-ছাত্রী এবং ডাক্তার-কর্মকর্তা, কর্মচারী তাদের আইডি কার্ড প্রকাশ্যে প্রদর্শন করে রাখবে।
- ১৫। দর্শনার্থীগণও দর্শনার্থী আইডি কার্ড প্রদর্শন করবে।


(মোহাম্মদ মাসুদউদ্দিন চৌধুরী)
উপসচিব
ফোনঃ ৯৫৪৯৬৬৯

বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। ডাইস চ্যাম্বলর, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, শাহবাগ, ঢাকা।
- ২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা।
- ৪। পরিচালক, সেবা পরিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

অনুলিপিঃ

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, (তাকে ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। অতিরিক্ত সচিব, আর্থিক ব্যবস্থাপনা ও অডিট/হাসপাতাল/উন্নয়ন ও চির্শিজ/প্রশাসন/শৃংখলা ও নার্সিং/জনস্বাস্থ্য ও বিশ্বস্বাস্থ্য, মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। যুগ্মসচিব, হাসপাতাল/প্রশাসন/বাস্তবায়ন/উন্নয়ন/নির্মাণ, মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।